30

তারিখ ... 02 AUG 1997

পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

দৈনিক ইত্তেফাক

# সিলেটে প্রশ্নপত্র লইয়া উত্তেজনা

সিলেট অফিস ।। স্থানীয় সরকারী বালক উচ্চ বিদ্যালয়ের চলিত ষান্মাসিক পরীক্ষার অষ্টম শ্রেণীর ধর্মীয় বিষয়ের উপর প্রণীত প্রশ্নে রাজনৈতিক ব্যক্তিত্বকে টানিয়া আনার ঘটনাকে কেন্দ্র করিয়া সিলেটে জনমনে ক্ষোভ ও উত্তেজনা

(১৫শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## প্রশ্নপত্র লইয়া

(১ম পৃঃ পর)

দেখা দিয়াছে। প্রশ্নটি হইতেছে—'দেশ প্রেম ইমানের অঙ্গ'—একথা কে বলেছেন ? (ক) ফেরেস্তা (খ) নবীজি (গ) আল্লাহ (ঘ) খালেদা জিয়া। গত বৃহস্পতিবার পরীক্ষা শেষে ছাত্ররা প্রশ্ন নিয়া বাহির হওয়ার পর অভিভাবকদের দৃষ্টিগোচর হয় এবং ইহা প্রকাশ হইয়া পড়িলে জনমনে ক্ষোভ ছড়াইয়া পড়ে। গতকাল শুক্রবার জাতীয় সংসদের স্পীকার হুমায়ুন রশীদ চৌধুরী সিলেট সফরে আসিলে এ ব্যাপারে তাহাকে অবহিত করা হয়। তিনি তৎক্ষণাৎ বিদ্যালয়ের প্রধান শিক্ষককে ডাকাইয়া আনিয়া সংশ্লিষ্ট দায়ী শিক্ষককে বরখাস্ত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশ দেন। এব্যাপারে প্রধান শিক্ষকের সহিত যোগাযোগ করিলে তিনি জানান, সংশ্লিষ্ট শিক্ষক গোলাম মোস্তফাকে স্পীকারের নির্দেশক্রমে কর্ম হইতে বিরত রাখিয়া তাহার বিরুদ্ধে বিহিত ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে গতকালই অবহিত করিয়াছেন। বিরাজমান উত্তেজনার প্রেক্ষিতে গতকাল বিদ্যালয়ে পুলিশ প্রহরা রাখা হয়।